

ইস্পাহানী পাবলিক স্কুল ও কলেজ

কুমিল্লা সেনানিবাস

২য়-৯ম শ্রেণিতে ভর্তি সংক্রান্ত নির্দেশিকা

১। ভর্তির তারিখঃ

শ্রেণি	নির্বাচিতদের ভর্তি	অপেক্ষমান হতে ভর্তি
২য়	১০ জানুয়ারি ২০২১ সকাল ০৯৩০ ঘটিকা হতে ১৪০০ ঘটিকা পর্যন্ত	১৩ ও ১৪ জানুয়ারি ২০২১ সকাল ০৯৩০ ঘটিকা হতে ১৪০০ ঘটিকা পর্যন্ত
৩য়, ৫ম ও ৬ষ্ঠ	১১ জানুয়ারি ২০২১ সকাল ০৯৩০ ঘটিকা হতে ১৪০০ ঘটিকা পর্যন্ত	
৭ম, ৮ম ও ৯ম বিজ্ঞান	১২ জানুয়ারি ২০২১ সকাল ০৯৩০ ঘটিকা হতে ১৪০০ ঘটিকা পর্যন্ত	

২। যাবতীয় তথ্যাবলি :

ক। কর্মরত সামরিক/সামরিক(অবঃ)/আধা সামরিক/প্রতিরক্ষা খাতভূক্ত অভিভাবকগণ প্রমাণ স্বরূপ স্ব স্ব ইউনিট/সংস্থা/প্রতিষ্ঠান থেকে প্রত্যয়নপত্র অবশ্যই জমা দিতে হবে।

খ। ভর্তির সময় প্রদত্ত তথ্য ও ভর্তি ফরম যথাযথভাবে পূরণ করতে হবে এবং নির্ধারিত স্থানে শিক্ষার্থীর পাসপোর্ট সাইজের দুই কপি রঙীন ছবি ও পিতা-মাতার এক কপি করে পাসপোর্ট সাইজের ছবি আঠা দ্বারা লাগিয়ে দিতে হবে। এছাড়াও শিক্ষার্থীর নামে টি-ক্যাশ খোলার জন্য পিতা/মাতার জাতীয় পরিচয়পত্রের ফটোকপি সঙ্গে নিয়ে আসতে হবে। টি-ক্যাশ ফরমে পিতা/মাতা ও শিক্ষার্থীর এক কপি করে রঙীন ছবি সংযুক্ত করতে হবে।

গ। ভর্তির সময় অনলাইনে নিবন্ধিত জন্ম নিবন্ধন সনদের ফটোকপি এবং অনলাইন হতে প্রাপ্ত ভর্তি আবেদনের প্রবেশপত্র ভর্তি ফরমের সাথে জমা দিতে হবে।

ঘ। ভর্তির সময় অবশ্যই পূর্বের শিক্ষা প্রতিষ্ঠানের ছাড়পত্রের মূল কপি জমা দিতে হবে। এছাড়াও ৬ষ্ঠ শ্রেণির ভর্তির ক্ষেত্রে পূর্ববর্তী শিক্ষা প্রতিষ্ঠান হতে ৫ম শ্রেণির প্রত্যয়ন/প্রসংশা পত্র অবশ্যই জমা দিতে হবে এবং ৯ম শ্রেণির ভর্তির ক্ষেত্রে জেএসসি/৮ম শ্রেণির রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি/ইএসআইএফ এর ফটোকপি অবশ্যই জমা দিতে হবে।

ঙ। সকল প্রকার মুক্তিযোদ্ধাদের পোষ্য কোটায় ভর্তির ক্ষেত্রে অভিভাবকগণকে মুক্তিযোদ্ধার যথোপযুক্ত প্রমাণপত্র এবং জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ছবি সম্মিলিত সনদ ও গেজেট কপি জমা দিতে হবে।

চ। কোভিড-১৯ পরিস্থিতি মোকাবেলায় সকলকে অবশ্যই মাস্ক পরিধানসহ যথাযথ স্বাস্থ্যবিধি অনুসরণ করে প্রতিষ্ঠানে প্রবেশ করতে হবে। শিক্ষার্থীর সাথে একজন অভিভাবক (পিতা/মাতা) আসতে পারবেন।

ছ। ভর্তি সংক্রান্ত তথ্যের জন্য যোগাযোগঃ

প্রধান অফিস-০১৭৩৩০৬৩০০১, হিসাব শাখা- ০১৩০৯১০৫৮২৬